# জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং-৪০১/০২ জাতীঃবিঃ/পরী/৪র্থ বর্ষ অনার্স- ২০১৬/২০১৭/২৩১৭

তারিখ ঃ ১৭ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ / ৩১ মে ২০১৭ খ্রিস্টাব্দ

# বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের ২০১৬ সালের ৪র্থ বর্ষ অনার্স বিএ/বিএসএস/বিবিএ/বিএসসি কোর্সের পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণ সংক্রান্ত আবেদন ও সংশ্লিষ্ট কোর্সে ইনকোর্স নম্বর প্রদানসহ যাবতীয় কার্যক্রম **On-line** এর মাধ্যমে ০১/০৬/২০১৭ তারিখ থেকে আরম্ভ হবে। এ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো। উল্লেখ্য, ফরম পূরণের কার্যক্রম সম্পন্নের পর পরীক্ষার সময়সূচি জানানো হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষা বিষয়ক
ওয়েব সাইট ঃ **www.nubd.info/honours**

১। আবেদন ফরম পূরণ, বিবরণী ফরম জমাদানের সময়সূচী/নিয়মাবলী ঃ

| | | |
|---|---|---|
| ক) | আবেদনকারী পরীক্ষার্থীদের **On-line** এ আবেদন ফরম ডাউনলোড করার সময়সীমা ঃ | ০১/০৬/২০১৭ থেকে ০৬/০৭/২০১৭ তারিখ পর্যন্ত |
| খ) | আবেদন ফরম কলেজ কর্তৃক নিশ্চয়নের শেষ তারিখ ঃ | ০৯/০৭/২০১৭ ইং |
| গ) | **Pay Slip** সংগ্রহ ঃ (বিস্তারিত- ৮নং- এ দ্রষ্টব্য) | ১০/০৭/২০১৭ থেকে ১১/০৭/২০১৭ তারিখ পর্যন্ত |
| ঘ) | উল্লেখিত তারিখে পূরণকৃত পরীক্ষার্থীদের অন-লাইনে এন্ট্রিকৃত বিবরণী ফরম, হিসাব বিবরণী ফরম এবং ইনকোর্স নম্বরের মূল কপি ও প্রিন্ট কপি বিষয়ওয়ারী আলাদাভাবে সিলগালা করে বিশ্ববিদ্যালয়ে/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমাদানের শেষ তারিখ ঃ | ১৩/০৭/২০১৭ ইং |

২। আবেদন ফরম পূরণের নির্ধারিত ফি ঃ

| ক্রঃ নং | পরীক্ষার্থী ফি-এর বিবরণ | টাকা | ক্রঃ নং | পরীক্ষার্থী ফি-এর বিবরণ | টাকা |
|---|---|---|---|---|---|
| ক) | তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্রের জন্য) | ২০০/- | ছ) | সাময়িক সনদ ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ৩০০/- |
| খ) | তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্রের জন্য) | ১৪০/- | জ) | নম্বর পত্র ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ৩০০/- |
| গ) | ব্যবহারিক (প্রতি পত্র/ কোর্সের জন্য) | ২০০/- | ঝ) | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থীর জন্য)- i)কলেজের অংশ- ১৫০ টাকা ii)কেন্দ্রের অংশ- ৩০০ টাকা | ৪৫০/- |
| ঘ) | মৌখিক ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ২০০/- | ঞ) | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থীর জন্য) - কলেজ ফান্ডে জমা হবে | ১২০/- |
| ঙ) | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) i) বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা ii) কলেজ ফান্ডে জমা হবে ২০০/- টাকা | ৩০০/- | ট) | মাঠকর্ম ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)- বিভাগীয় ফান্ডে জমা হবে | ১০০০/- |
| চ) | বিশেষ অন্তর্ভুক্তি ফি (প্রতি কোর্স গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য পত্র প্রতি ফি ও অন্যান্য ফি এর অতিরিক্ত ফি প্রতি পরীক্ষার্থীর জন্য) | ৩০০/- | ঠ) | টার্ম পেপার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) i) বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা ii) কলেজ ফান্ডে জমা হবে ১৫০/- টাকা | ২৫০/- |

**বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবেনা।**

** যে সকল পরীক্ষার্থী ইতোপূর্বে সনদ ও নম্বরপত্রের ফি প্রদান করেছে তাদের সনদ ও নম্বরপত্রের ফি প্রদান করতে হবে না।

৩। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) নিয়মিত (**Regular**) ঃ ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত এবং ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় **Promoted** ছাত্র-ছাত্রীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৬ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

খ) অনিয়মিত (**Irregular**)ঃ

i) ২০০৯-২০১০, ২০১০-২০১১ ও ২০১১-১২ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল ছাত্র/ছাত্রী ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে ২০১৬ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় ঐ সকল কোর্সে অংশগ্রহণ করতে পারবেন।

ii) ২০০৯-২০১০, ২০১০-২০১১ ও ২০১১-২০১২ শিক্ষাবর্ষের পরীক্ষার্থী যারা ২০১২, ২০১৩ ও ২০১৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় **Promoted** হয়ে অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহন করেনি অথবা ২০১৫ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহন করে **Promoted** হয়েছে সে সকল পরীক্ষার্থী ২০১৬ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহন করতে পারবেন।

৪। মৌখিক পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) মৌখিক/ব্যবহারিক পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যায়ের মনোনীত প্রতিনিধি ছাড়া গ্রহণ করা যাবে না। এরূপ পরীক্ষা গ্রহণের জন্য মনোনীত কোন শিক্ষক দায়িত্ব পালন না করলে বা করতে ব্যর্থ হলে পরীক্ষা নিয়ন্ত্রকের পূর্বানুমতি গ্রহণপূর্বক নিকটবর্তী কোন কলেজ হতে একজন উপযুক্ত শিক্ষককে দিয়ে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করা যাবে এবং সঙ্গে সঙ্গে বিষয়টি লিখিতভাবে পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করতে হবে। বিশ্ববিদ্যালয়ের পূর্বানুমতি ছাড়া অন্য কোন শিক্ষককে দিয়ে পরীক্ষা গ্রহণ করা যাবে না। প্রতিদিন অনধিক ৪০ (চল্লিশ) জন পরীক্ষার্থীর ব্যবহারিক/মৌখিক পরীক্ষা গ্রহণ করা যাবে।

খ) উপযুক্ত কারনবশতঃ একজন শিক্ষার্থী যদি মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণে ব্যর্থ হয় সংশ্লিষ্ট পরীক্ষার ফলাফল প্রকাশের পূর্বে নির্ধারিত অতিরিক্ত ফি প্রদান করে বিশেষ বিবেচনায় মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে। সে ক্ষেত্রে পরীক্ষার্থীকে মৌখিক পরীক্ষা অনুষ্ঠানের যাবতীয় খরচ বিশ্ববিদ্যলয় কর্তৃপক্ষের নির্ধারিত হারে বহন করতে হবে।

গ) মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

ঘ) মৌখিক/ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ মৌখিক/ব্যবহারিক পরীক্ষার নম্বর কেন্দ্র হতে On-line এ বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করবেন এবং এর একটি কপি অধ্যক্ষের নিজ দায়িত্বে গোপনীয়ভাবে সংরক্ষণ করবেন।

৫। আবেদন ফরম, বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ফরম পূরণের আবেদন ফরম, সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List), On-line এ ডাটা নিশ্চয়ন করার পর বিষয়ওয়ারী পরীক্ষার্থীদের বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ/প্রিন্ট করা যাবে।

৬। অনলাইনে আবেদন ফরম পূরণের পদ্ধতি (পরীক্ষার্থীদের জন্য) ঃ

ক) আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এ প্রবেশ করে নিজের রেজিষ্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে। ফি সহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজের স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

খ) আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত করে দিতে হবে।

৭। কলেজের জন্য করণীয় ঃ-

ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি Online-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List), -এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলো বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে College Log-in-এ প্রবেশ করে নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log-in-এর জন্য ওয়েবসাইটে College Profile-কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) এর ০১ (এক) কপি অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১ (এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় থেকে প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।

গ) পরীক্ষার্থী কর্তৃক On-line এ পূরণকৃত আবেদন ফরম কলেজে জমা দিবেন এবং কলেজ উক্ত পরীক্ষার্থীর ইনকোর্স নম্বরসহ On-line এ নিশ্চয়ন করবেন। শুধু কলেজ কর্তৃক On-line নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হবে। নিশ্চয়ন সম্পন্ন হলে On-line এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।

ঘ) ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষা বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

ঙ) ইনকোর্স ও মাঠকর্ম পরীক্ষা নম্বর On-line এ এন্ট্রি করার সময় কোন প্রকার ভুল হলে সঙ্গে সঙ্গে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, ৪র্থ বর্ষ অনার্স শাখা বরাবর লিখিতভাবে জানাতে হবে। ভুল সংশোধনের ক্ষেত্রে মূল ম্যনুয়াল নম্বরকে (বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) ভিত্তি হিসেবে ধরা হবে।

৮। বিশ্ববিদ্যালয়ের ফি জমাদানের পদ্ধতি ঃ

ক) সংশ্লিষট পরীক্ষার্থীদের ফি এর সমুদয় অর্থ জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত জমা ফরম উল্লেখিত ওয়েবসাইট থেকে ডাউনলোড করে সোনালী সেবা এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের তহবিলে জমা দিতে হবে।

খ) সংশ্লিষ্ট কলেজ উল্লেখিত ওয়েবসাইট-এ Log-in করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতে হিসাব নম্বর ও উল্লিখিত মোট টাকার অংশের কপি নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে।

গ) Pay Slip সংগ্রহের জন্য ১০/০৭/২০১৭ সকাল ১০:০০ টা থেকে ১১/০৭/২০১৭ তারিখ বিকাল ০৪:০০ টা পর্যন্ত Link active থাকবে। নির্ধারিত সময়ের পর Pay Slip ডাউনলোড করা বা টাকা জমা দেওয়া যাবে না।

ঘ) সোনালী সেবা সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য জনাব মোঃ হুমায়ন কবীর, সহকারী সিস্টেম এনালিস্ট- ০২-৯২৯১০৯৮ অথবা ০১৮৬৭০৬৫১১১ মোবাইল নম্বরে যোগাযোগ করতে হবে।

৯। পরীক্ষা পরিচালনা ব্যয় নির্বাহ ঃ

কেন্দ্র ফি হিসেবে আদায়কৃত মোট অর্থের পরীক্ষার্থী প্রতি ১৫০/- টাকা নিজ কলেজের পরীক্ষা সংক্রান্ত কাজের খরচের জন্য রেখে, পরীক্ষার্থী প্রতি ৩০০/- টাকা হারে নির্ধারিত পরীক্ষা কেন্দের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট রোল/রেজিঃ বিবরণীসহ পরীক্ষা আরম্ভ হওয়ার ০৩ (তিন) দিন পূর্বে জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় ব্যয় নির্বাহ করবেন।

১০। বিবরণী ফরম জমার পদ্ধতি (কলেজের জন্য) ঃ-

ক) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে বিষয়ওয়ারী সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List) প্রিন্ট করে নিতে হবে। ফরম পূরণকৃত বিষয়ওয়ারী নিয়মিত/অনিয়মিত/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের বিবরণী ফরম/আবেদন ফরম মোতাবেক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি On-line এ ডাটা এন্ট্রি করতে হবে। এন্ট্রিকৃত বিবরণীর সাথে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি অনার্স বিষয়ওয়ারী আলাদা আলাদা ভাবে বাঁধাই করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে এবং এর এক সেট ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে। ডাকযোগে প্রেরিত বিবরণী ফরম গ্রহণ করা হবে না।

খ) বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রেসমূহের ঠিকানা ঃ

| | | |
|---|---|---|
| ঢাকা বিভাগের জন্যঃ<br>জাতীয় বিশ্বদ্যিালয়, গাজীপুর-১৭০৪।<br>ফোনঃ ০২-৯২৯১০৩১ | আঞ্চলিক কেন্দ্রঃ চট্টগ্রাম<br>এপিক গোল্ডেন ক্যাসকেড, ইস্পাহানি পার্ক রোড নং- ০১, দক্ষিণ খুলসি, চট্টগ্রাম<br>ফোনঃ ০৩১-২৫১৫৭২৪, ০১৭৪০-৯৪৪৬০৮ | আঞ্চলিক কেন্দ্রঃ রাজশাহী<br>বাড়ী#০৫, রোড#০১, গ্রীণ ভিলা, পারিজাত আ/এ, ভদ্রা, রাজশাহী।<br>ফোনঃ ০৭২১-৭৬২১৪১ |
| আঞ্চলিক কেন্দ্রঃ রংপুর<br>বাড়ী#৩৯০, ওয়ার্ড নং-০৯, জি এল রায় রোড কামাল কাছনা, রংপুর-৫৪০০।<br>ফোনঃ০৫২১-৫৬০১৫ | আঞ্চলিক কেন্দ্রঃ খুলনা<br>বাড়ী#২৭৭. রোড#০১,<br>কেডিএ সোনাডাঙ্গা আবাসিক এলাকা (২য় ফেজ), খুলনা-৯০০০।<br>ফোনঃ ০৪১-৭৩৬৭৬ | আঞ্চলিক কেন্দ্রঃ বরিশাল<br>হোল্ডিং নং#০০০১০০০, ওয়ার্ড নং-১২, মেডিকেল কলেজ লেন, দক্ষিণ আলেকান্দা, বরিশাল-৮২০০।<br>ফোনঃ ০৪৩১-৬১১৬৮ |
| আঞ্চলিক কেন্দ্রঃ সিলেট<br>আহাদ ভিলা, পাঠানটুলা পয়েন্ট, সিলেট।<br>ফোনঃ ০৮২১-৭২৯১০২ | | |

১১। ইনকোর্স নম্বর প্রেরণের পদ্ধতি ঃ

আবেদন ফরম পূরণের সময় পরীক্ষার্থীদের ইনকোর্স পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মূল ম্যানুয়াল কপি থেকে নির্ধারিত সফ্টওয়ারের **On-line** এ পরীক্ষার্থীদের রেজিঃ নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এন্ট্রি করার পর প্রিন্ট কপি মুল ম্যানুয়াল কপির সাথে যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল ম্যানুয়াল কপিগুলো প্রিন্ট করে বিষয়ওয়ারী আলাদা খামে সীলগালা করে বিবরণী জমা দেওয়ার সময় উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, ৪র্থ বর্ষ অনার্স শাখায়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে।

১২। ব্যবহারিক, মৌখিক-টার্ম পেপার ও মাঠকর্ম এর নম্বর প্রেরণের পদ্ধতি ঃ

তত্ত্বীয় পরীক্ষা শেষে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত তারিখে ব্যবহারিক, মৌখিক-টার্মপেপার ও মাঠকর্ম পরীক্ষা গ্রহণের পর পরই নির্ধারিত সফ্টওয়ারের **On-line** এ পরীক্ষার্থীদের রেজিঃ নম্বর এর বিপরীতে নম্বর এন্ট্রি করার পর প্রিন্ট কপি যাচাই করে বিভাগীয় প্রধান, অন্তঃ পরীক্ষক ও বহিঃ পরীক্ষক কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল কপি খামে সীলগালা করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, ৪র্থ বর্ষ অনার্স শাখায় হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষন করতে হবে।

১৩। বিবিধ ঃ

ক) পরীক্ষার্থীদের পরীক্ষার হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল রেজিঃ কার্ড ও প্রবেশপত্র প্রদর্শন করতে হবে।
খ) পরীক্ষার সময়সূচী যথাসময়ে সংশ্লিষ্ট কলেজ/কেন্দ্র সমূহে প্রেরণ ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
গ) পরীক্ষার্থীরা নিজ নিজ কলেজ কেন্দ্রে পরীক্ষা দিতে পারবেনা। অধ্যক্ষগণকে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।
ঘ) যেসব পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করবে তাদের কলেজ ও বিষয়ওয়ারী তালিকা ওয়েবসাইটে প্রবেশপত্র ইস্যুর পূর্বেই প্রকাশ করা হবে। কোন প্রকার সংশোধনী থাকলে প্রবেশপত্র ইস্যুর পূর্বেই সংশোধন করে নিতে হবে।

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোনঃ ০২-৯২৯১০১৭, ফ্যাক্সঃ ০২-৯২৯১০৪৪
ই-মেইলঃ **controller@nu.edu.bd**

স্মারক নং-৪০১/০২ জাতীঃবিঃ/পরী/৪র্থ বর্ষ অনার্স- ২০১৬/২০১৭/২৩১৭

তারিখ ঃ ১৭ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ / ৩১ মে ২০১৭ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। ডীন জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
২। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৩। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৪। পরিচালক, জনসংযোগ তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৫। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৬। পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৭। প্রক্টর, শৃঙ্খলা ও নিরাপত্তা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৮। অধ্যক্ষ, অনার্স পাঠদানকারী সংশ্লিষ্টসকল কলেজসমূহ;
৯। উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
১০। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর- ১ এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
১১। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর- ২ এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
১২। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
১৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর।
১৪। অফিস কপি।

(মোঃ মিরাজুল ইসলাম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
৪র্থ বর্ষ অনার্স
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোনঃ ০২-৯২৯১০৩১
ই-মেইলঃ **nudchp4@gmail.com**